॥ সাফ্ বিক্রয় কোবালা ॥

भारतीय गैर न्यायिक

INDIA NON JUDICIAL

RUPEES 25000 रुपये

पच्चीस हज़ार रुपये

0JDD 036396

Whereas ... has been paid ... through Bank Draft No. ... at ... Proper Stamp duty has been paid ... document.

Collector U/S ...

মূ: ৪,৫০,০০০ , চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা পণের

স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা দলিল।

***************************************

কোবালা পত্র গ্রহীতা (ক্রেতা) ::—

*************************

শ্রী কমলেশ বনিক , পিতা — স্বর্গীয় প্রফুল্ল বনিক , সাং — সি. জি. ২৩১, সল্টলেক সিটি , সেকটর - ২ , কলিকাতা — ৭০০০৯১ , জাতি — হিন্দু , পেশা — ব্যবসা ॥

কোবালা পত্র দাতা (বিক্রেতা) ::—

*************************

শ্রী অশোক কুমার ঘোষ , পিতা — শ্রী অনিল কুমার ঘোষ , সাং — ১এ, রামকান্ত বোস ষ্ট্রীট , থানা — শ্যামপুকুর , কলিকাতা — ৭০০০০৩, জাতি — হিন্দু , পেশা — ব্যবসা ॥

কস্য সম্পূর্ণ নিদ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা দলিল পত্রমিদং কার্য্যাঞ্চাগে ::——

জেলা....২য় পৃঃ

Serial No. 18534

Sold to Sri Kamales Banik

of C.G. 231 Salt Lake City Sector-2

Cal-91

Calcutta Collectorate Treasury

Dated 13.12.99

Treasurer

1 C —— 25000/-

Presented for registration at 12-20 on the 24th day of Dec 1999 at Bidhan Nagore (Salt Lake City) Sub-Registry office Executants/attorney ... Ashoke Kr Ghosh

[illegible]

— শ্রী অশোক কুমার ঘোষ

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
24 DEC 1999

Ashoke Kr Ghosh.
S/O Anil Kr Ghosh,
1A Ram Kanta Bose St
P.S Shyampukur Cal-3
By [illegible]

— শ্রী অশোক কুমার ঘোষ

8685

Kishore Kr Ghosh.
S/O Lt Anil Kr Ghosh
1/A, Ram Kanta Bose St
P.S Cal-3
By [illegible]

শ্রী কিশোর কুমার ঘোষ
পিং অনিল কুমার ঘোষ
১/এ রাম কান্ত বোস স্ট্রীট
কলি ৩

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
24 DEC 1999

জেলা — উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট বর্তমানে দমদম এয়ারপোর্ট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রিকট্ সাব রেজিস্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত এবং রাজারহাট - গোপালপুর পৌরসভার অন্তর্গত মৌজা গোপালপুর গ্রামে ১২৫বি।১ নং তৌজি ভুক্ত হাল মালিক পশ্চিম - বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে সাবেক রায়ত মোকররী স্বত্বীয় ১৮০১ নং খতিয়ান ভুক্ত ৬৭ শতক জমি বার্ষিক ৩, টাকা ৯ পাই জমার মধ্যে ৫১৯৩নং দাগে ৩৩ শতক মধ্যে ২২ শতক, সাবেক ১২০১।১ নং খতিয়ান ভুক্ত ৭০ শতক জমি বার্ষিক ৪, টাকা ৫০ পয়সা করের জমার মধ্যে সাবেক ৫২৪১ নং দাগস্থিত ৭০ শতক মধ্যে ৪৭ শতক ও ঐ মৌজার ১২৫বি।১ নং তৌজি ভুক্ত মালিক তুলসী চরণ ঘোষ গং স্থলে হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে সাবেক পাট্টা মূলে মোকররী হাল রায়তী সাবেক ১৭৯৮ নং খতিয়ান ভুক্ত ৩৩ শতক জমি বার্ষিক ৩, টাকা জমা সাবেক ৫১৯৫নং দাগে ৩৩ শতক মধ্যে ২২ শতক জমি ও অন্যান্য খতিয়ান ভুক্ত বিভিন্ন দাগের জমিজমা যাহা অত্র দলিলের বিক্রেতা আমার বায়া ১। মোবারক হোসেন, ২।খোর-সেদ হোসেন, ৩। আলি হোসেন গণ তাহাদের কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসের ৩১.৭.৫৮ তারিখে ৫৫৭৫ নং দলিলে মোস্তাফা মন্ডল ও সুরাতন বিবির নিকট খরিদা ও উক্ত দাগের বাকী জমি তাহাদের পৈত্রিক প্রাপ্ত ও ৪নং বায়া খাতিমননেছা বিবির স্বামীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত এবং ৫,৬ নং বায়া হালিমা বিবি ও আসমা বিবি দ্বয়ের পৈত্রিক প্রাপ্ত সম্পত্তি হইতেছে। এবং বর্তমান রিভিসন্যাল সেটেলমেন্টে তাহাদের নাম বরাবর রেকর্ড ভুক্ত হয়। তাহারা উক্ত সম্পত্তি খাসে ভোগাবান ও মালিক দখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ৮.৮.১৯৭৩ তারিখে কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১১৫ নং ভলুমের ৭২ হইতে ৭৫ নং পাতায় নকলকৃত ৫৮৯১ নং এককেতা

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
2 4 DEC 1999

সাফ কোবালা দলিল ও --- ইংরাজী ২ .১২.৯৯ তারিখে এ.ডি.এস.আর.বিধান - নগর অফিসে ১নং বহির ------ নংরেজিষ্ট্রীকৃত দলিল দ্বারা হাল (আর.এস)৩৪১০, ৩৪৫৬, ৩৪০৮ নং দাগস্থিত কমবেশী ১৩ - ০ - ০ ´ তের কাঠা জমি আমি অত্র দলিলস্থ বিক্রেতা আমার নিকট বিক্রয় করেন ও আমাকে সম্পূর্ণরূপে খোলসা খাস দখল দিয়া দেন । খরিদ সূত্রে আমি অত্র দলিলস্থ বিক্রেতা আমার নাম বরাবর বর্তমান এল.আর.জরীপে ১২১নং খতিয়ানে রেকর্ড লিপিবদ্ধ করাইয়া উক্ত সম্পত্তির মালিকের করাদি আদায়ে এযাবৎকাল নির্ব্বিবাদে ভোগবান ও মালিক দখলিকার নিযুক্ত আছি । যাহা আমার দান, বিক্রয়ের উত্তম স্বত্ব বর্তমান আছে ।।

এক্ষণে আমার নানা বিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা হাল (আর.এস) ৩৪১০, ৩৪৫৬ ও ৩৪০৮ নং দাগে মোট অত্র সহ নক্সায় লাল রঙ দ্বারা দর্শিত ও সীমাংকৃত স্থানীয় বাংলা মাপে কমবেশী ১৩ - ০ - ০ ´ তের কাঠা জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ বর্তমান বাজার দর বেলমোক্তা মং ৪,৫০,০০০, চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা পণে অত্র সাফ কোবালায় আপনার নিকট বিক্রয় করিলাম এবং আমার স্থলে আপনাকে সম্পূর্ণরূপে খোলসা খাস দখল দিয়া দিলাম । আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও মালিক দখলি - কার হইয়া মালিকান সরকারে ও মিউনিসিপ্যালিটিতে আমার নামের পরিবর্তে আপ - নার নিজ নাম পত্তণ করতঃ ভাঙ্গা, গড়া, পরিবর্তন, পরিবর্দ্ধন, দান, বিক্রয়, হস্তান্তরাদি করিবার ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান স্থলাভিষিক্ত ও পরবর্তী এ্যাসাইনীগণ ক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে কস্মিন কালেও আমি বা আমার ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কোন প্রকার ওজর - আপত্তি দাবি দাওয়া বা ওজরাপত্তি করিব না বা করিবেক না । করিলেও তাহা

সর্বত্র.....৪র্থ পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
24 DEC 1999

সর্বত্র সর্বতোভাবে সর্ব্ব অফিস আদালতে অসিদ্ধ অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ॥

বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে সমস্ত স্বত্ব স্বামীত্ব , সংশ্রব লভ্য , হক হকিয়ত , ইজমেন্ট অধিকারাদি আছে তৎসমস্তই অদ্যকার তারিখ হইতে রদ রহিত ও লোপ পাইয়া ও ধ্বংস হইয়া আমার হইতে কোবালা গ্রহীতা ও ক্রেতা আপনাতে সম্পূর্ণরূপে বর্তিল ॥

বিক্রীত সম্পত্তি কোন প্রকার দায়াবদ্ধ করি নাই বা উহা কোন ব্যাংকে মর্টগেজ বা লিজ দিই নাই, উহা কোন মামলা মোকদ্দমার বিষয়ীভূত বা কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে, উহা কাহারও কোন দেনা বা জামিনের অথবা খোরপোষের দায়ে আদালত কর্তৃক চার্জ আবদ্ধ সম্পত্তি নহে । তপশীল বর্ণিত সম্পত্তি কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক রিক্যুইজিশান বা এ্যাক্যুইজিশান হয় নাই বা ঐরূপ হইবার জন্য আমরা অদ্যতক কোন নোটিশ প্রাপ্ত হই নাই । উহা কাহাকেও ইতিপূর্ব্বে দান, বিক্রয় করি নাই বা ঐরূপ করিবার জন্য কাহারও সহিত কোন চুক্তি বা বায়না পত্রে আবদ্ধ হই নাই বা উহা কোন দেব সেবায় বা কোন ট্রাষ্ট ফান্ডে অর্পণ করি নাই বা আমি কাহারও বেনামদার নহি , আমার অপর কোন শরীক বা অংশীদার নাই । বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় , নির্দোষ অবস্থায় আমার খাস দখলে থাকাবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ॥

যদি ভবিষ্যতে বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দোষ ত্রুটি প্রকাশ পায় তাহা হইলে প্রচলিত আইন আমলে আসিব ও আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে অত্র কোবালা গ্রহীতা ও ক্রেতা আপনার যাবতীয় ক্ষতির দাবি সহ মূল্যের লওয়া সমুদয় টাকা ফেরৎ দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ॥

প্রকাশ.....৫ম পৃ:

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

2 4 DEC 1999

প্রকাশ থাকে যে, তপশীল বিক্রীত সম্পত্তির টাইটেল রিসাইটেল ও ইন্টারেস্টের দোষে আপনার খরিদা সম্পত্তিতে কোন প্রকার মামলা মোকদ্দমার উদ্ভব হইলে তৎকারণে আমি যে কোন কোর্টে বা অফিস আদালতে আমার খরচে বিনা ওজর আপত্তিতে সাক্ষ্য দিতে বাধ্য থাকিব ও থাকিবেক ॥

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত দলিল মধ্যে কোন ভ্রম থাকা প্রকাশিত হইলে তাহা কোবালা গ্রহীতা ও ক্রেতা কোবালা দাতা ও বিক্রেতা আমাকে অবগত করাইলে পর আপনার নিকট হইতে কোন পণ বা পারিশ্রমিক না লইয়া অত্র দলিলের পোষকতায় অপর যে কোন পোষক বা ভ্রম সংশোধন দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ও আমি আপনার খরিদা স্বত্ব দখল কায়েম ও সুদৃঢ় করিবার কারণে সকল প্রকার সহায়তা করিব ॥

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে, স্বেচ্ছায়, অন্যের বিনা - অনুরোধে, বিনা প্ররোচনায়, অত্র সাফ কোবালা দলিলের ভাষা ও মর্ম সম্যক অবগত হইয়া মূল্যের লিখিত টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪০৬ সালের – ৮ই পৌষ — ইংরাজী ১৯৯৯ সালের – — ২৪ শে ডিসেম্বর ॥

॥ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

১। জেলা – উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট বর্তমানে দমদম এয়ারপোর্ট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রিকট্ সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি এলাকা-

ধীন কলিকাতা. ৬ষ্ঠ পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
2 4 DEC 1999

ধীন কলিকাতা পরগণাস্থিত এবং রাজারহাট - গোপালপুর পৌরসভা ও মৌজা গোপালপুর গ্রামে জে.এল.নং - ২, রে.সা.নং - ১৪০, তৌজি - ১২৫বি।১ নং ভুক্ত হাল মালিক জেলা - উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে সাবেক ১৮০৯ হাল ১৪৮৩ নং সাবেক রায়ত মোকররী হাল রায়তি স্বত্বীয় ৬৭ শতক জমি বাবদ ৩, টাকা ৯ পাই জমার অন্তর্গত যাহা বর্তমান এল.আর.জরীপে ১২১ নং খতিয়ানে আমার নিজ নামে রেকর্ড লিপিবদ্ধ আছে - - - -

দাগ সাবেক ৫১৯৩ নং হাল (আর.এস.) ৩৪০৮ চৌত্রিশ শত আট নং দাগে শালী ৩৩ শতক মধ্যে ০৯ শতক জমি স্থানীয় বাংলা মাপে কমবেশী ৫ - ৬ - ১৭' পাঁচ কাঠা ছয় ছটাক সতের বর্গফুট জমি, হারাহারী খাজনা ৬০ পয়সা মাত্র ॥

২। জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট বর্তমান থানা - দমদম এয়ারপোর্ট সাব রেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম বর্তমানে এ্যাডিসন্যাল ডিষ্ট্রিকট্ সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত এবং রাজারহাট - গোপালপুর পৌরসভার অন্তর্গত মৌজা গোপালপুর গ্রামে জে.এল.- নং - ২, রে.সা.নং - ১৪০, তৌজি - ১২৫বি।১ নং ভুক্ত হাল মালিক মহামান্য পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে রায়ত স্বত্বীয় সাবেক ১৭৯৮ নং খতিয়ানের হাল ১৪৮৮ নং খতিয়ান ভুক্ত ৩৩ শতক জমি বার্ষিক ৩, টাকা জমার মধ্যে যাহা বর্তমান এল.আর.জরীপে ১২১ নং খতিয়ানে আমার নিজ নামে রেকর্ড লিপিবদ্ধ আছে - - - -

দাগ সাবেক ৫১৯৬ নং দাগের হাল (আর.এস.) ৩৪১০ চৌত্রিশ শত দশ নং দাগস্থিত শালী ৩৩ শতক মধ্যে ১০ শতক স্থানীয় বাংলা মাপে কমবেশী ৫ - ১৫ - ০'

পাঁচ .....৭ম পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

24 DEC 1999

শ্রী অশোক কুমার ঘোষ



পাঁচ কাঠা পনের ছটাক জমি, হারাহারী খাজনা ৮০ পয়সা মাত্র ॥

৩। জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - রাজারহাট বর্ত্তমানে দমদম এয়ারপোর্ট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস বর্তমানে বিধান নগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত মৌজা গোপালপুর গ্রামে জে.এল. নং - ২ , রে. সা.- নং - ১৪০ , তৌজি ২১৯৮ নং ভুক্ত হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা - উত্তর ২৪ পরগণার কালেকটার বাহাদুর অধিকারে রায়ত স্থিতিবান হাল রায়তী স্বত্বীয় সাবেক ১২০১।১ নং খতিয়ানের হাল ১০১৯ নং খতিয়ান ভুক্ত ৭০ শতক জমি বার্ষিক ৪।।.টাকা জমার মধ্যে যাহা বর্ত্তমান এল.আর.জরীপে ১২১ নং খতিয়ানে আমার নিজ নামে রেকর্ড লিপিবদ্ধ আছে - - - -

দাগ সাবেক ৫২৪১ নং দাগের হাল (আর.এস.) ৩৪৫৬ চৌত্রিশ শত ছাপ্পান্ন নং দাগস্থিত শালী ৭০ শতক মধ্যে ০৩ তিন শতক জমি স্থানীয় বাংলা মাপে কমবেশী ১ - ১০ - ২৮´ এক কাঠা দশ ছটাক আঠাশ বর্গফুট জমি, হারাহারী খাজনা ২০ পয়সা মাত্র ॥

- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

সর্ব্বমোট উপরোক্ত তিনটি জমা ভুক্ত আমার খরিদা ও নিজ নামে রেকর্ডীয় সম্পত্তির মধ্যে অত্রসহ নক্সায় লাল রঙ দ্বারা দর্শিত কমবেশী ১৩ - ০ - ০´ তের কাঠা শালী জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ ও মায় চলাচলের রাস্তার বর্ত্মস্বত্বাদি ও উক্ত জমিতে ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, জল কলের পাইপ, ড্রেণ ইত্যাদি অধিকারাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে । অত্র সহ দাখিলী নক্সাখানি দলিলের একাংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইবে ॥ অত্র সম্পত্তি সত্বীয় নক্সায় 'লট বি' ভুক্ত হইতেছে ॥

যাহার চৌহদ্দী....৮ম পৃঃ

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
24 DEC 1999

শ্রী অশোক কুমার ঘোষ

॥ যাহার চৌহদ্দী ॥

| | | |
|---|---|---|
| উত্তরে | ::— | আর.এস. দাগ নং ৩৪০৯ নং দাগের জমি ও ৭´ ৩" ইঞ্চি প্রশস্ত কমন প্যাসেজ ॥ |
| দক্ষিণে | ::— | ড্রেণ তৎপরে রাস্তা ॥ |
| পূর্ব্বে | ::— | লট 'এ' ভুক্ত বিক্রীত সম্পত্তি ও আর.এস. দাগ নং ৩৪১০ ও ৩৪৫৬ নং দাগের জমি ॥ |
| পশ্চিমে | ::— | আর.এস. দাগ নং ৩৪০৮ ও ৩৪০৯ নং দাগের জমি ॥ |

॥ প্রাপ্ত টাকার জায় ॥

১০০ , একশত টাকার নোট হিসাবে ৪৫০০ কেতায় ৪, ৫০, ০০০, ২ চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইয়াছি ॥

শ্রী অশোক কুমার ঘোষ

মুসাবিদা কারক ::—

Md. Nurul Huda

ইসাদী ::—

১। শ্রী কিশোর কুমার ঘোষ

টাইপ কারক ::—

অশোক কুমার ব্যানার্জী

অশোক কুমার ব্যানার্জী ,
বিধাননগর সাবরেজিষ্ট্রী অফিস ॥

২।

৩।

৪।

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
2 4 DEC 1999

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
28-2-2000

Book No. I
Volume No. 23
Pages 77 to 84.
Being No. 869.
for the year 2000.

# LAND PLAN OF PART OF
R.S. DAG NO. 3408, 3410 AND 3456, OF MOUZA GOPALPUR,
J.L. NO. 2 UNDER P.S. RAJAR HAT, (NEW AIRPORT P.S.) DIST.
NORTH 24-PARGANAS.

SCALE = 0'-1" = 30'-0" INCH.


**AREA:**


**LOT-A:-**
R.S. DAG NO. 3410 (P) = 10K-10CH-0 SFT.
R.S. DAG NO. 3456 (P) = 2K-6CH-0 SFT.
TOTAL = 13K-0CH-0 SFT.

PURCHASED BY
SMT. RITA BANIK, W/O. SRI KAMALES BANIK.
SOLD BY:-
SRI KISHOR KUMAR GHOSH, S/O. [illegible]
ANIL KUMAR GHOSH, OF 1A, RAMKANTA BOSE
STREET, CALCUTTA-3.

**LOT-B**
R.S. DAG NO. 3408 (P) = 5K-6CH-17 SFT.
R.S. DAG NO. 3410 (P) = 5K-15CH-0 SFT.
R.S. DAG NO. 3456 (P) = 1K-10CH-28 SFT.
TOTAL = 13K-0CH-0 SFT.

PURCHASED BY:-
SRI KAMALES BANIK, S/O. LATE PRAFULLYA BANIK.
SOLD BY:-
SRI ASHOKE KUMAR GHOSH, S/O. ANIL KR. GHOSH, OF 1A, RAMKANTA BOSE St. CAL-3.





Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

2 4 DEC 1999

Admitted

Book No. I
Volume No. 23
Pages 83
Being No. 869
for the year 2000

বাংলা ১৪০৬ সনের ৮ই পৌষ

ইংরাজী ১৯৯৯ সালের ২৪শে ডিসেম্বর

কোবালা পত্র গ্রহীতা (ক্রেতা) ::—

শ্রী কমলেশ বনিক ॥

কোবালা পত্র দাতা (বিক্রেতা) ::—

শ্রী অশোক কুমার ঘোষ ॥

॥ সাফ বিক্রয় কোবালা ॥

মুসাবিদা কারক ::—

টাইপ কারক ::—

অশোক কুমার ব্যানার্জ্জী,
বিধাননগর সাবরেজিস্ট্রী অফিস ॥